

১০৯ নং

তাল--একতাল

ধন্য কলি লীলা তোমারি ।

ঘাট হ'য়েছে অঘাটেতে, আগাছার বৃদ্ধি ভারী ॥

- ১। যাগ, যজ্ঞ যত ছিল, এক কালে সব হত হল,
 স্নেহেতে দেশ ঘিরিল, এও লীলা তোমারী ।
 ভারত, পুরাণ, কোরাণ, বাইবেল পড়তে কষ্ট ভারী,
 পড়তে নভেল নাটক, নেই'ক আটক,

কিবা তারিফ বলিহারী ॥

- ২। তিলক, মালা, নামাবলী, জংলীর সাজ তারে বলি,
 বাপে-বেটায় ঠেলাঠেলি, শাঁখার চেয়ে দামী রেশমী চুড়ি ।
 কুলটা হ'লেও দোষ নাইরে ভাই লাল টুকটুকে নারী,
 যে জন সত্যভাষী, বড় দোষী, দুনিয়ায় সে বোকা ভারী ॥

- ৩। দেখে সব কলির কাণ্ড, এবার আমার ঘুরায় মুণ্ড,
 দণ্ডকর্তা দেয় কই দণ্ড, ভেবে ভেবে মরি ।
 এবার বামুন দাদার জা'ত মারা যায়, ছুঁলে শূদ্রের বারি—
 ও সে বেশ্যা বাড়ী মদ গাঁজা খায়, সমাজপতি নামটি ধারী ॥

- ৪। গুরুচাঁদ জীব তারিতে, এসে ভাই এই ধরাতে,
 ফিরে লোকের দ্বারে দ্বারেতে, বলছে হরি হরি ।
 রামজীবন কয় আয় সকলে, শুভ যাত্রা করি,
 ধরে গোপালচাঁদের চরণ-তরী, বলি ভাইরে হরি হরি ॥

—রামজীবন

